সংলগ্নী-২

# "অতিথি প্রশিক্ষক (Guest Instructor) ও অতিথি স্কীল্ড ওয়ার্কারদের (Guest Skilled Worker) আমন্ত্রণ ও সম্মানী প্রদান নীতিমালা, ২০২২"

১। শিরোনামঃ এ নীতিমালা জেলা/উপজেলা পর্যায়ে স্থাপিত সকল আইএমটি/টিটিসিতে প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে "অতিথি প্রশিক্ষক (Guest Instructor) ও অতিথি স্কীল্ড ওয়ার্কারদের (Guest Skilled Worker) আমন্ত্রণ ও সম্মানী প্রদান নীতিমালা, ২০২২" হিসেবে অভিহিত হবে।

২। **সংজ্ঞাঃ বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকলে এই নীতিমালায়-**

২.১) প্রশিক্ষণ অর্থ স্বল্প মেয়াদী দক্ষতা উন্নয়ন এবং ভাষা প্রশিক্ষণ, ডিপ্লোমা, সার্টিফিকেট ইন মেরিন এবং প্রাক-বহির্গমন ওরিয়েন্টেশনকে বুঝাবে।

২.২) অতিথি প্রশিক্ষক ও অতিথি স্কীল্ড ওয়ার্কার বলতে নিয়মিত প্রশিক্ষক পদায়ন না হওয়া পর্যন্ত প্রশিক্ষণ কার্যক্রমে প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন উপযুক্ত আমন্ত্রিত ব্যক্তিবর্গ এবং প্রশিক্ষণের প্রয়োজনে যে কোন আমন্ত্রিত প্রশিক্ষক ও স্কীল্ড ওয়ার্কারদেরকে বুঝাবে।

৩। **অতিথি প্রশিক্ষক ও অতিথি স্কীল্ড ওয়ার্কার নির্বাচনঃ**

৩.১) সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণ প্রাপ্ত/বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তিবর্গ এবং টিটিসি/আইএমটি/পলিটেকনিক ইনস্টিটিউট এর অবসরপ্রাপ্ত প্রশিক্ষক ও স্কীল্ড ওয়ার্কার;

৩.২) সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতা সম্পন্ন সরকারি/বেসরকারি পর্যায়ের দপ্তর/শিল্প কারখানায় কর্মরত/ অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী;

৩.৩) সংশ্লিষ্ট কোর্স/ট্রেডে দক্ষ বিদেশ প্রত্যাগত অভিবাসী।

৪। **ন্যূনতম শিক্ষাগত যোগ্যতাঃ**

৪.১) দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণে আমন্ত্রিত অতিথি প্রশিক্ষকের ক্ষেত্রেঃ সংশ্লিষ্ট বিষয়/টেকনোলজিতে বিএসসি ইন ইঞ্জিনিয়ারিং/ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং সনদধারী হতে হবে। National Technical & Vocational Qualification Framework (NTVQF) Level 4 (Four) অর্জনকারীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।

৪.২) ভাষা প্রশিক্ষণে আমন্ত্রিত অতিথি প্রশিক্ষকের ক্ষেত্রে জাপানী ভাষার জন্য N-3 এবং ইংরেজি ভাষার জন্য IELTS-6 লেভেল, কোরিয়ান এবং অন্যান্য ভাষার ক্ষেত্রে সমমান যোগ্যতাধারী হতে হবে।

৪.৩) স্কীল্ড ওয়ার্কারদের ক্ষেত্রে এসএসসি/সমমান পাশ এবং NTVQF Level-2 অর্জনকারী হতে হবে।

৪.৪) মেরিন টেকনোলজী এর ক্ষেত্রে অতিথি প্রশিক্ষকগণকে COC-1, COC-2 ডিগ্রীধারী হতে হবে ।

৫। **সম্মানী ও ক্লাসঃ**

৫.১) একজন আমন্ত্রিত অতিথি প্রশিক্ষক তাত্ত্বিক ও ব্যবহারিক মিলে দিনে সর্বোচ্চ ৫টি ক্লাস নিতে পারবেন। তবে তাত্ত্বিক ও ব্যবহারিক মিলে প্রতি মাসে সর্বোচ্চ ৯০ (নব্বই) টি ক্লাস নিতে পারবেন। অতিথি প্রশিক্ষকগণ ভ্যাট ট্যাক্সসহ প্রতি ঘন্টা তাত্ত্বিক ৪০০/-(চারশত) টাকা এবং ব্যবহারিক ৩৫০/-(তিনশত পঞ্চাশ) টাঁকা সম্মানী প্রাপ্য হবেন ।

৫.২) স্বল্প মেয়াদী দক্ষতা প্রশিক্ষণ, ডিপ্লোমা, সার্টিফিকেট ইন মেরিন ট্রেডে আমন্ত্রিত অতিথি স্কীল্ড ওয়ার্কার ভ্যাট-ট্যাক্সসহ প্রতি ঘন্টা ২৫০/-(দুইশত পঞ্চাশ) টাকা হিসেবে প্রাপ্য হবেন এবং একজন অতিথি স্কীল্ড ওয়ার্কার প্রতি মাসে সর্বোচ্চ ৮০ (আশি) টি ক্লাস নিতে পারবেন।

৬। **সম্মানী পরিশোধঃ**

৬.১) অতিথি প্রশিক্ষক ও অতিথি স্কীল্ড ওয়ার্কারদের বিল হতে বিধি মোতাবেক ভ্যাট/আয়কর কর্তন সাপেক্ষে সম্মানী প্রদান করা হবে।

৬.২) সম্মানী প্রদানের ক্ষেত্রে একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে অতিথি প্রশিক্ষক ও স্কীল্ড ওয়ার্কারদের নিজস্ব অ্যাকাউন্টে সম্মানী পরিশোধ করতে হবে।

৬.৩) টিটিসি/আইএমটির নিয়মিত প্রশিক্ষকগণ বিশেষ প্রয়োজনে/ছুটিকালীন সময়ে প্রশিক্ষণ কার্যক্রমে অংশ নিতে পারবেন। সেক্ষেত্রে প্রতি ঘন্টায় ভ্যাট ও ট্যাক্সসহ তাত্ত্বিক ৩০০/- (তিনশত) টাকা এবং ব্যবহারিক ২০০/- (দুইশত) টাকা প্রাপ্য হবেন। তবে একজন নিয়মিত প্রশিক্ষক মাসে সর্বোচ্চ ৬,০০০/- (ছয় হাজার) টাকার অধিক সম্মানী প্রাপ্য হবেন না ।

৬.৪) টিটিসি/আইএমটির নিয়মিত স্কীল্ড ওয়ার্কার বিশেষ প্রয়োজনে/ছুটিকালীন সময়ে প্রশিক্ষণ কার্যক্রমে অংশ নিয়ে প্রতি ঘন্টায় ১২৫/-(একশত পঁচিশ) টাকা হারে ব্যবহারিক ক্লাস নিতে পারবেন। সেক্ষেত্রে প্রতি মাসে ৪,৫০০/- (চার হাজার পাঁচশত) টাকার অধিক সম্মানী

গ্রহণ করতে পারবেন না।

৬.৫) প্রয়োজনমত সম্মানীর চাহিদাপত্র এবং মাসিক খরচ বিবরণী অনলাইনে বিএমইটিতে প্রেরণ করতে হবে।

**৭। অতিথি প্রশিক্ষক ও অতিথি স্কীল্ড ওয়ার্কারদের কার্যপরিধি এবং ক্লাস গ্রহণের রেকর্ড সংরক্ষণঃ**

৭.১) অতিথি প্রশিক্ষক ও অতিথি স্কীল্ড ওয়ার্কার শুধুমাত্র প্রশিক্ষণ কার্যক্রমেই সম্পৃক্ত থাকবেন। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অধ্যক্ষ অতিথি প্রশিক্ষক ও অতিথি স্কীল্ড ওয়ার্কারের দৈনিক ভিত্তিতে ক্লাস গ্রহণের হিসাব আলাদাভাবে সংরক্ষণ এবং বিলে প্রত্যয়নপত্র প্রদান করবেন

৭.২) অতিথি প্রশিক্ষক ও অতিথি স্কীল্ড ওয়ার্কারের আবেদন, শিক্ষাগত যোগ্যতা ও দক্ষতা/অভিজ্ঞতা সনদ সংক্রান্ত প্রত্যয়নপত্র সংশ্লিষ্ট তথ্য ডিজিটালি/অনলাইনে রেজিষ্ট্যার্ড করতে হবে।

**৮। অতিথি প্রশিক্ষক ও অতিথি স্কীল্ড ওয়ার্কার বাছাই কমিটিঃ**

| | |
|---|---|
| ০১. অধ্যক্ষ, আইএমটি/টিটিসি | - আহ্বায়ক |
| ০২. ডেমো/স্থানীয় শিল্প কারখানার কর্মকর্তা | - সদস্য |
| ০৩. সংশ্লিষ্ট ট্রেড ইনচার্জ | - সদস্য সচিব |

কমিটি কর্তৃক প্রস্তুতকৃত অতিথি প্রশিক্ষক/স্কীল্ড ওয়ার্কারদের বাছাই তালিকা ডিজি, বিএমইটি অনুমোদন করবেন।

**৯। অতিথি প্রশিক্ষক ও অতিথি স্কীল্ড ওয়ার্কার মূল্যায়নঃ**

নির্ধারিত ফরমেট অতিথি প্রশিক্ষক ও অতিথি স্কীল্ড ওয়ার্কারের মূল্যায়নের রেকর্ড সংরক্ষণ করতে হবে এবং তদনুসারে অতিথি প্রশিক্ষক ও স্কীল্ড ওয়ার্কার নির্বাচন করতে হবে। প্রতিমাসে মূল্যায়ন প্রতিবেদন বিএমইটিতে প্রেরণ করতে হবে।

**১০। অতিথি প্রশিক্ষক ও অতিথি স্কীল্ড ওয়ার্কার পদায়নঃ**

১০.১) অতিথি প্রশিক্ষক ও অতিথি স্কীল্ড ওয়ার্কারগণের ক্লাসের সাপ্তাহিক/মাসিক রোস্টার/ রুটিন প্রস্তুতপূর্বক ক্লাসের শুরুতেই সরবরাহ ও সংরক্ষণ করতে হবে।

১০.২) অতিথি প্রশিক্ষক ও অতিথি স্কীল্ড ওয়ার্কারগণ শুধুমাত্র অধ্যক্ষের আমন্ত্রণের প্রেক্ষিতে প্রশিক্ষণ কার্যক্রমে সম্পৃক্ত থাকবেন।

১১। সংরক্ষণঃ ঘন্টা ভিত্তিক অতিথি প্রশিক্ষক ও অতিথি স্কীল্ড ওয়ার্কারের আমন্ত্রণ নিতান্তই সাময়িক এবং এই সাময়িক ব্যবস্থাপনার সাথে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে তাদের নিয়োগের কোন সম্পর্ক নেই। দক্ষতা উন্নয়ন তহবিল পরিচালনা বোর্ড স্বতঃপ্রণোদিতভাবে বা ডিজি, বিএমইটি'র প্রস্তাবের প্রেক্ষিতে এই নীতিমালা পরিবর্তন/ পরিবর্ধন/সংশোধন/বাতিল করতে পারবে।